




Posterior urethral valve: প্রয়োজন আশু রোগ নির্ণয়

সফাতের বয়স ১ বছর বয়স, বেশ হাশি খুশি, প্রানবন্ত ছেলে। সমস্যা হল প্রস্রাব করার সময় মনে হয় তার একটু কষ্ট হয়। বেশ কোঁঠ দেয়া লাগে। তলপেট ফুলে যায়। ছেলে বাচ্চা কিন্তু প্রস্রাব বেশি দূরে যায়না। মাঝে মাঝে জ্বর হয়। এই এক বছরে ৩ বার জ্বর হয়ে গেছে। প্রতিবারই ঔষধের দোকান থেকে দামী দামী এন্টিবায়োটিক ঔষধ ইনজেকশন দেয়া হয় অথবা সিরাপ নিয়ে খেলে কিছুটা কমে কিন্তু আবার যা তাই। পরবর্তীতে একজন শিশু কিডনি বিশেষজ্ঞ ডাক্তার দেখানোর পর পরীক্ষা-নিরীক্ষা করে রোগ ধরা পড়ল Posterior Urethral Valve (PUV).

আসুন জেনে নিই Posterior Urethral Valve (PUV) কি?

ছেলে বাচ্চাদের প্রস্রাবের থলি হতে প্রস্রাবের রাস্তার মুখ পর্যন্ত পথে পর্দা বা Valve থাকলে তাকে Posterior Urethral Valve (PUV) বলে। এই পর্দা থাকলে ঠিকমত প্রস্রাব হয় না এবং ধীরে ধীরে প্রস্রাবের থলিতে (Urinary Bladder) প্রস্রাব জমতে থাকে। Urinary Bladder ধীরে ধীরে বড়/ মোটা হতে থাকে এবং ধারন ক্ষমতার বাইরে চলে গেলে প্রস্রাব Urinary Bladder থেকে কিডনির দিকে উঠে যেতে (Back flow) শুরু করে যেটাকে Vesico-Ureteric Reflux (VUR) বলে। এভাবে একসময় কিডনি বিকল হয়ে যায়।

পানি জমে থাকা পুকুরে যেমন ময়লা জমে ঠিক তেমনি জমে থাকা প্রস্রাবে ঘন ঘন জীবাণু তৈরী হয় এবং ইনফেকশন হয়।



লক্ষন:

- ❖ গর্ভাবস্থায় মায়ের পেটে পানি কম থাকা
- ❖ জন্মগত ভাবে কিডনি বড় এবং কিডনিতে পানি জমে থাকা
- ❖ জন্মের পর প্রস্রাব কম করা
- ❖ প্রস্রাব করতে বেশি চাপ লাগা
- ❖ প্রস্রাবের সময় কান্নাকাটি করা
- ❖ প্রস্রাবে ঘন ঘন ইনফেকশন হওয়া
- ❖ প্রস্রাব বন্ধ হয়ে যেতে পারে

ডায়াগনসিস:

সাধারণত প্রস্রাব ইনফেকশন মুক্ত থাকা অবস্থায় Micturating Cystourethrography (MCU) করে এই রোগ ধরা সম্ভব। ক্যাথেটারের সাহায্যে বাচ্চার প্রস্রাবের থলিতে গুঁষধ প্রবেশ করিয়ে ক্যাথেটার খুলে প্রস্রাব করানোর সময় কয়েকটি X-Ray করে MCU করা হয়। যেহেতু ক্যাথেটার করা হয় সেহেতু যাতে প্রস্রাবে ইনফেকশন না হয় সেজন্য নির্দিষ্ট ডোজে এন্টিবায়োটিক দিতে হয়।

চিকিৎসা:

Posterior Urethral Valve (PUV) এর জন্য অপারেশন করতে হয়। ওই Valve বা পর্দা কে কেটে ফেলতে হয় যাকে Fulguration বলে।

পরবর্তীতে করণীয়:

সার্জারি পরবর্তী ফলোআপ করানোটা খুবই গুরুত্বপূর্ণ। অনেকসময় ঠিকমত অপারেশন না হলে কিংবা পরবর্তীতে অপারেশনের জায়গা থেকে আবার Valve হলে একই রকম সমস্যা হতে পারে। এইজন্য অপারেশনের ৩-৬ মাস পর আবার Micturating Cystourethrography (MCU) করে দেখতে হয়। আমরা অনেক রোগী পাই যাদের অপারেশন করার পর আর কোন ফলোআপ করে নাই এবং অনেক পরে একেবারে কিডনি বিকল করে তারপর আসে। এইজন্য সার্জারি পরবর্তী ফলোআপ করানোটা খুবই গুরুত্বপূর্ণ।

লেখক

ডাঃ মোঃ আজিজুর রহমান
এম বি বি এস, এম ডি (শিশু কিডনী)
ক্লিনিক্যাল ফেলো (ন্যাশনাল ইউনিভার্সিটি হসপিটাল, সিঙ্গাপুর)
ক্লাসিফাইড স্পেশালিষ্ট (শিশু কিডনি)
কম্বাইন্ড মিলিটারি হসপিটাল, ঢাকা।
Email: aziz44rhc@gmail.com